

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৫১

পরিচ্ছেদঃ মুহরিমের জন্য শিকারের গোশত আহার করা না জায়িজ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ لَحْمِ الصَّيْدِ لِلْمُحْرِمِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ ابْنَ عَبَّاسٍ، أَخْبَرَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَى الله عليه وسلم مَرَّ بِهِ بِالأَبْوَاءِ أَحْبَرَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَى الله عليه وسلم مَرَّ بِهِ بِالأَبْوَاءِ أَوْ بِوَدَّانَ فَأَهْدَى لَهُ حِمَارًا وَحْشِيًّا فَرَدَّهُ عَلَيْهِ فَلَمَّا رَأَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مَا فِي وَجْهِهِ مِنَ الْكَرَاهِيَةِ قَالَ " إِنَّهُ لَيْسَ بِنَا رَدِّ عَلَيْكَ وَلَكِنَّا حُرُمٌ " . قَالَ أَبُو وسلم مَا فِي وَجْهِهِ مِنَ الْكَرَاهِيةِ قَالَ " إِنَّهُ لَيْسَ بِنَا رَدِّ عَلَيْكَ وَلَكِنَّا حُرُمٌ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ ذَهَبَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ عِيسَى هَذَا الْحَدِيثِ وَقَالَ الْمَدِيثِ وَقَالَ الْمَدْرِمِ . وَقَالَ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ إِلَى هَذَا الْحَديثِ وَكَرِهُوا أَكُلَ الصَيْدِ لِلْمُحْرِمِ . وَقَالَ الشَّافِعِيُّ إِنَّمَا وَجْهُ هَذَا الْحَديثِ عِنْدَنَا إِنَّمَا رَدَّهُ عَلَيْهِ لَمَّا ظَنَّ أَنَّهُ صِيدَ مِنْ أَجْلِهِ وَتَرَكَهُ الشَّافِعِيُّ إِنَّمَا وَجْهُ هَذَا الْحَديثِ عِنْدَنَا إِنَّمَا رَدَّهُ عَلَيْهِ لَمَّا ظَنَّ أَنَّهُ صِيدَ مِنْ أَهْدَى لَهُ عَلَى التَّذَرُّهِ . وَقَدْ رَوَى بَعْضُ أَصْحُابِ الزُّهْرِيِّ عَنِ الزُّهْرِيِّ هَذَا الْحَديثَ وَقَالَ أَهْدَى لَهُ لَحْمُ حِمَارِ وَحْشٍ . وَهُو غَيْرُ مَحْفُوظٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَزَيْدِ بْنِ أَرْقَمَ .

বাংলা

৮৫১. কুতায়বা (রহঃ) ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, সাব ইবনু জাছছামা (রাঃ) বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার আবওয়া বা ওয়াদদান নামক স্থানের নিকট দিয়ে যাচ্ছিলেন। তখন তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে একটি বন্য গাধা হাদিয়া হিসাবে পেশ করেন। কিন্তু তিনি তা প্রত্যাখ্যান করেন। অনন্তর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার চেহারায় অসন্তুষ্টির ভাব লক্ষ্য করে বললেন, তোমার এই হাদিয়া আমি প্রত্যাখ্যান করতাম না। কিন্তু বর্তমানে আমি যে ইহরামরত। - তিরমিজী হাদিস নম্বরঃ ৮৪৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। সাহাবী এবং অপরাপর আলিমগণ এই হাদীস অনুসারে আমলের অভিমত গ্রহণ করেছেন মুহরিমের জন্য শিকারের মাংস আহার করা পছন্দনীয় নয় বলে তারা মনে করেন। ইমাম শাফেঈ (রহঃ) বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক এই হাদিয়া প্রত্যাখ্যান করার



কারণ হল, তিনি ধারণা করেছিলেন যে, এটিকেই তার উদ্দেশ্যেই হয়ত শিকার করা হয়েছে। ফলে এটি থেকে বেঁচে থাকতে গিয়ে তিনি তা প্রত্যাখ্যান করেন। ইমাম যুহরী (রহঃ) এর কতক শাগরিদ যুহরী (রহঃ) থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বন্য গাধার মাংস হাদিয়া প্রদান করা হয়েছিল। কিন্তু এই রিওয়ায়াতটি মাহফুয বা সংরক্ষিত নয়। এই বিষয়ে আলী ও যায়িদ ইবনু আরকাম (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে।

English

Ibn Abbas narrated that:

As-S'ab bin Jath-thamah informed him that the Messenger of Allah had passed him at Al-Abwa or Bawaddan. He (As-S'ab) gave him a wild donkey but he refused it. When the Messenger of Allah noticed on his face that he was upset, he said: "We would not refuse you, but we are in Ihram"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন